# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ, ঢাকা।

## (২০২১ ইং সনের ৯৯নং গঠনবিধি)

আমি এতদ্দ্বারা নির্দেশ করিতেছি যে, শারীরিক উপস্থিতি ব্যাতিরেকে আগামী ৯ই মে, ২০২১ইং রোজ রবিবার হইতে ২০শে মে,২০২১ইং রোজ বৃহস্পতিবার অবকাশকালীন সময় এবং পরবর্তি নির্দেশ না দেওয়া পর্যন্ত -"আদালত কর্তৃক তথ্য-প্রযুক্তি ব্যবহার আইন,২০২০ (১১নং আইন, ২০২০)" এবং অত্র কোর্ট কর্তৃক জারীকৃত "প্রাকটিস ডাইরেকশন" অনুসরন করতঃ তথ্য প্রযুক্তি ব্যবহার করে শুধু ভার্চুয়াল উপস্থিতির মাধ্যমে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চ সমূহ গঠন করা হইল ঃ

**১। বিচারপতি মামনুন রহমান**

**এবং**

**বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামান**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ **আদালত সমূহের অবমাননার অভিযোগপত্র** এবং একক ও ডিভিশন বেঞ্চ কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

**২। বিচারপতি ফারাহ মাহবুব**

**এবং**

**বিচারপতি এস, এম, মনিরুজ্জামান**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের আওতাধীন বিষয়াদি ব্যতীত অতীব জরুরী সকল প্রকার রীট মোশন; উল্লেখিত বিষয়ে যেকোন আবেদনপত্র গ্রহন করিবেন এবং যেকোন বেঞ্চ কর্তৃক প্রদেয় রুল ও অন্তর্বর্তীকালীন যেকোন আদেশ/রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

**৩। বিচারপতি এম, ইনায়েতুর রহিম**

**এবং**

**বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত অতীব জরুরী রীট ও ফৌজদারী মোশন এবং অতীব জরুরী সকল প্রকার রীট মোশন গ্রহন করিবেন; তৎসংক্রান্ত ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও জামিনের আবেদনপত্র; আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত; উল্লেখিত বিষয়ে যেকোন আবেদনপত্র গ্রহন করিবেন এবং যেকোন বেঞ্চ কর্তৃক প্রদেয় রুল ও অন্তর্বর্তীকালীন যেকোন আদেশ/রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

**৪। বিচারপতি এফ. আর. এম. নাজমুল আহাসান**

**এবং**

**বিচারপতি শাহেদ নূরউদ্দিন**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য অতীব জরুরী সকল প্রকার দেওয়ানী মোশন গ্রহন করিবেন; তৎসংক্রান্ত যেকোন আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চ কর্তৃক প্রদেয় রুল ও অন্তর্বর্তীকালীন যেকোন আদেশ সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৫। বিচারপতি কৃষ্ণা দেবনাথ

এবং

বিচারপতি এ, এস, এম, আব্দুল মোবিন

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চ কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৬। বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন

এবং

বিচারপতি খিজির হায়াত

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চ কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৭। বিচারপতি জে. বি. এম. হাসান

এবং

বিচারপতি রাজিক আল জলিল

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চ কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৮। বিচারপতি মোস্তফা জামান ইসলাম

এবং

বিচারপতি মোঃ ইকবাল কবির

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং একক ও ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন, মানি লন্ডারিং আইন ও আগাম জামিনের আবেদনপত্র ব্যতীত অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন গ্রহন করিবেন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র এবং একক ও ডিভিশন বেঞ্চ কর্তৃক প্রদেয় জামিনসহ যেকোন আদেশ ও রায় সংশোধনীর আবেদনপত্রও গ্রহণ করিবেন।

৯। বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন,১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যাতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন,১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন,২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন,১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের ডিক্রি ও আদেশের বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ ডিক্রি ও আদেশের বিরুদ্ধে দেওয়ানী রিভিশন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র ।

প্রধান বিচারপতি

বাংলাদেশ

তারিখঃ- ০৪/০৫/২০২১ইং

<u>প্রচারের জন্য</u> ঃ-

১। বিচারপতি মামনুন রহমান

২। বিচারপতি ফারাহ মাহবুব

৩। বিচারপতি এম, ইনায়েতুর রহিম

৪। বিচারপতি এফ. আর. এম. নাজমুল আহাসান

৫। বিচারপতি কৃষ্ণা দেবনাথ

৬। বিচারপতি শেখ মোঃ জাকির হোসেন

৭। বিচারপতি জে. বি. এম. হাসান

৮। বিচারপতি মোস্তফা জামান ইসলাম

৯। বিচারপতি মুহাম্মদ খুরশীদ আলম সরকার

১০। বিচারপতি রাজিক আল জলিল

১১। বিচারপতি মোঃ ইকবাল কবির

১২। বিচারপতি এ, এস, এম, আব্দুল মোবিন

১৩। বিচারপতি খিজির হায়াত

১৪। বিচারপতি এস, এম, মনিরুজ্জামান

১৫। বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর

১৬। বিচারপতি খোন্দকার দিলীরুজ্জামান

১৭। বিচারপতি শাহেদ নূরউদ্দিন